গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
কাশিয়ানী, গোপালগঞ্জ।

স্মারক নং-উনিঅকা/জলমহাল/ইজারা/১৮/৪৮৪ তারিখ ঃ ০৭/৫/২০১৮ খ্রিঃ।

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী গোপালগঞ্জ জেলার কাশিয়ানী উপজেলাধীন নিম্নবর্ণিত জলমহাল সমূহ বাংলা ১৪২৫-১৪২৭ সন পর্যন্ত তিন বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত "জাল যার জলা তার"এই নীতির আলোকে শুধুমাত্র প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট হতে নিম্নোক্ত তারিখ মোতাবেক সীলমোহরকৃত আবেদন আহবান করা যাচ্ছে। আবেদন ফরম নিম্নোক্ত সয়সূচী মোতাবেক সকল কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী; সহকারী কমিশনার(ভূমি), কাশিয়ানী; উপজেলা মৎস্য অফিসার ও উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়, কাশিয়ানী হতে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) সহকারী কমিশনার (ভূমি), কাশিয়ানী, গোপালগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকে জমা দিয়ে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে। আবেদনপত্রের অন্যান্য শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় হতে জানা যাবে। টেন্ডার কমিটির সভা উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | জলমহাল/খাস পুকুরের তফসিল | যে ইউনিয়নে অবস্থিত | বাংলা ১৪২৪-১৪২৬ সনের ইজারা মূল্য | আবেদনপত্রের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মৌজা ৯৪ নং তারাইল খাস পুকুর খং নং দাগ নং জমি<br>বি.এস ০১ - ২০৯৩ - ০.৩৫ একর | রাতইল | ৬,০০০/- | ৫০০/- টাকার (পে অর্ডার/ ব্যাংক ড্রাফট) | |
| ০২ | মৌজা ৬৯ নংদরিপল্লবিলা খং নং দাগ নং জমি<br>বি,এস ১ - ৬৭২- ০.১৩ একর | মহেশপুর | ৩,৫০০/- | ৫০০/- টাকার (পে অর্ডার/ ব্যাংক ড্রাফট) | |
| ০৩ | মৌজা ৬৯ নংদরিপল্লবিলা খং নং দাগ নং জমি<br>বি,এস ১ - ৫৭৩- ০.২১ একর | মহেশপুর | ৩,৫০০/- | ৫০০/- টাকার (পে অর্ডার/ ব্যাংক ড্রাফট) | |
| ০৪ | মৌজা ৭০ নং টিয়ারডাঙ্গা খং নং দাগ নং জমি<br>বি,এস ১ ২৪ ০.৫০ একর | মহেশপুর | ১২,৫০০/- | ৫০০/- টাকার (পে অর্ডার/ ব্যাংক ড্রাফট) | |
| ০৫ | ৬৬ নং পূর্ব আড়ুয়াকান্দি খাস পুকুর খং নং দাগ নং জমি<br>বি,এস,১ - ২৩৫২ ০.৬৬একর | পারুলিয়া | ১৩,৫০০/- | ৫০০/- টাকার (পে অর্ডার/ ব্যাংক ড্রাফট) | |
| ০৬ | ৫৮ নং বড় পারুলিয়া খাস পুকুর খং নং দাগ নং জমি<br>বি,এস, ১ - ১৬২- ০.৭২একর | সাজাইল | ১৭,৫০০/- | ৫০০/- টাকার (পে অর্ডার/ ব্যাংক ড্রাফট) | |
| ০৭ | ১১৫ নং রাজপাট ডোমরাকান্দি খাস পুকুর খং নং দাগ নং জমি<br>বি,এস,১ ৪৫৬/৬৬৪ -০.৬২এক | মামুদপুর | ২০,০০০/- | ৫০০/- টাকার (পে অর্ডার/ ব্যাংক ড্রাফট) | |
| ০৮ | ১১৫ নং রাজপাট ডোমরাকান্দি খাস পুকুর খং নং দাগ নং জমি<br>বি,এস,১ ৯২৬ -০.৫০একর | মামুদপুর | ২০,০০০/- | ৫০০/- টাকার (পে অর্ডার/ ব্যাংক ড্রাফট) | |
| ০৯ | ১১৯ নং পাঁচকাহনিয়া খাসপুকুর খং নং দাগ নং জমি<br>এস,এ ১ ২৯২ -১.৪১ একর | রাজপাট | ২০,০০০/- | ৫০০/- টাকার (পে অর্ডার/ ব্যাংক ড্রাফট) | |
| ১০ | ১১৬ নং বড়বাহিরবাগ খাসপুকুর খং নং দাগ নং জমি<br>এস,এ ১ ৭৭৪ - ১.১২ একর | রাজপাট | ২০,০০০/- | ৫০০/- টাকার (পে অর্ডার/ ব্যাংক ড্রাফট) | |

নিম্নরূপভাবে আবেদন ফরম বিক্রয়, দাখিল এবং খোলার সময় ধার্য করা হলো ঃ

| দরপত্র আহবানের পর্যায় | আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | আবেদনপত্র দাখিলের তারিখ ও সময় | আবেদনপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ২০-৫-২০১৮, বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। | ২১-৫-২০১৮, দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত। | ২১-৫-২০১৮, বিকাল ৪:০০ ঘটিকা। |
| ২য় | ২৭-৫-২০১৮ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। | ২৮-৫-২০১৮, দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত। | ২৮-৫-২০১৮, বিকাল ৪:০০ ঘটিকা। |
| ৩য় | ০৫-৬-২০১৮ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। | ০৬-৬-২০১৮ দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত। | ০৬-৬-২০১৮, বিকাল ৪:০০ ঘটিকা। |
| ৪র্থ | ১৩-৬-২০১৮ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। | ১৪-৬-২০১৮ দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত। | ১৪-৬-২০১৮, বিকাল ৪:০০ ঘটিকা। |

ঃ অন্যান্য শর্তাবলী ঃ

১। শুধুমাত্র প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি বা সমবায়/সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট ফরমে আবেদন করতে পারবেন। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।

২। আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র এবং বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমাণ দরকার হবে না।

৩। নির্দিষ্ট ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন। একই সাথে তার অনুলিপি জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবে

৪। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি,গঠনতন্ত্রের কপি,ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য এবং সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এছাড়া সংশি-ষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ হলে তা বাতিলযোগ্য হবে।

৫। আবেদনপত্র দাখিলের সাথে ইজারা মূল্যের ২০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকে জমা দিয়ে আবেদনের সাথে দাখিল করবেন। লিজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লিজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে।

চলমান পাতা-২

৬। জলমহাল ইজারার মেয়াদ বাংলা ১৪২৫ সন হতে শুরু হবে এবং বাংলা ১৪২৭ সনে শেষ হবে। জলমহাল ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। যদি এই সময়ের মধ্যে কোন খাস কালেকশন করা হয় তা সরকারি খাতে জমা হবে, ইজারা প্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না।

৭। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে ইজারাপ্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিকে প্রথম বছরের সাকুল্য ইজারা মূল্য এবং বিধি মোতাবেক সরকারের নির্ধারিত আয়কর ও অন্যান্য করাদি সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। ২য় বছরের অর্থাৎ ১৪২৬ বাংলা সনের ইজারার টাকা এবং সরকার নির্ধারিত আয়কর ও অন্যান্য করাদি নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। ৩য় ও শেষ বছরের অর্থাৎ ১৪২৭ বাংলা সনের ইজারা মূল্য এবং সরকার নির্ধারিত আয়কর ও অন্যান্য করাদি ২য় বছরের অর্থাৎ ১৪২৬ বাংলা সনের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানতের টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে এবং জলমহালটির ডাক বাতিল হয়ে যাবে।

৮। জলমহালটি ইজারা গ্রহণের পরে কর্তৃপক্ষের নিকট হতে হস্তান্তরনামা/কবুলিয়তনামা গ্রহণ না করে জলমহালের দখল পাওয়া যাবে না।

৯। লিজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলিজ অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করে তাহলে উক্ত লিজ বাতিল করা হবে এবং জমাকৃত লিজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১০। ইজারা অনুমোদন প্রাপ্তিতে বিলম্ব হলে, এ বিষয়ে বিলম্বের কারণে কোন সময় বর্ধনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

১১। সময়মত লিজমানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে লিজ বাতিলের ক্ষমতা উপজেলা নির্বাহী অফিসার সংরক্ষণ করবেন।

১২। ইজারা গ্রহীতা জলমহালের কোন শ্রেণী পরিবর্তন বা পরিবর্ধন করতে পারবেন না।

১৩। অস্পষ্ট ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলেগণ্য হবে। কর্তৃপক্ষ দাখিলকৃত যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। ইজারা গ্রহীতা কর্তৃক চুক্তিপত্রের যে কোন শর্ত ভঙ্গ করলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৭/০৫/১৮
( মোঃ আল-মুক্তাদির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
কাশিয়ানী, গোপালগঞ্জ।

স্মারক নং-উভূঅকা/জলমহাল/ইজারা/১৮/৪৮৪ তারিখ ঃ ০৭/৫/২০১৮ খ্রিঃ।

সদয় অবগতির জন্য ঃ

১। জনাব মুহাম্মদ ফারুক খান, মাননীয় সংসদ সদস্য, গোপালগঞ্জ-১ এবং মাননীয় উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
২। জনাব শেখ ফজলুল করিম সেলিম, মাননীয় সংসদ সদস্য, গোপালগঞ্জ-২ ও মাননীয় উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
৩। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৭। উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ।

অবগতি ও কার্যার্থে ঃ ( জ্যৈষ্ঠতার ক্রমিক অনুসারে নয় )

৭। উপজেলা সমবায় কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৮। উপজেলা মৎস্য কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
৯। উপজেলা কৃষি কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
১০। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
১১। অফিসার ইন-চার্জ, কাশিয়ানী থানা।
১২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
১৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাশিয়ানী, গোপালগঞ্জ।
১৪-২০। চেয়ারম্যান, মহেশপুর/রাজপাট/পারুলিয়া/সাজাইল/বেথুড়ী/রাতইল/মাহমুদপুর ইউনিয়ন পরিষদ, কাশিয়ানী, গোপালগঞ্জ।
২১-২৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল),............... ইউনিয়ন ভূমি অফিস, কাশিয়ানী, গোপালগঞ্জ।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩০-৩৩। জনাব .............................., পিং-.............................. ,সাং-................

সম্মানিত সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কাশিয়ানী, গোপালগঞ্জ।

৩৪। জনাব.............................. পিতা-.............................. সাং.............................. ।

ইজারাদার,..............................খাসপুকুর, কাশিয়ানী, গোপালগঞ্জ।

০৭/০৫/১৮
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কাশিয়ানী, গোপালগঞ্জ ।